



মুজিববর্ষের অঙ্গীকার,
নিরাপদ কর্মপরিবেশ হোক সবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
স্বাস্থ্য শাখা



আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২” -চূড়ান্তকরণ বিষয়ক ফিডব্যাক
সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ নাসির উদ্দিন আহমেদ মহাপরিদর্শক(অতিরিক্ত সচিব)
সভার তারিখ	২২ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ০৯.৩০ ঘটিকা
স্থান	অনলাইন প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। স্বাগত বক্তব্যে সভাপতি বলেন, আগামী অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা যথাযথভাবে চূড়ান্তকরণের জন্য এ সভাটি অতি গুরুত্বপূর্ণ। তিনি আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২০২১-২২ অর্থ-বছরের নির্দেশিকা যথাযথ অনুসরণপূর্বক ২০২১-২২ অর্থ-বছরের শুদ্ধাচার কৌশল কাঠামো চূড়ান্তকরণের গুরুত্বারোপ করেন। সভাপতি আরও বলেন, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ফিডব্যাক সভার সিদ্ধান্ত এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ২০২১-২২ যথাযথ অনুসরণপূর্বক প্রধান কার্যালয়ের “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২” চূড়ান্তকরণ করা হয়েছে। মাঠ পর্যায়ের কাঠামোর ক্রমিক ৩ নং এ উল্লেখিত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রমসমূহ প্রধান কার্যালয়ের কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে গ্রহণ করার বিষয়ে গুরুত্বারোপ করেন।

২। এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জনাব মোঃ মেহেদী হাসান, উপমহাপরিদর্শক (স্বাস্থ্য শাখা) পর্যায়ক্রমে ২৩ উপমহাপরিদর্শকের কার্যালয়ের “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২” -এর খসড়া নিয়ে আলোচনা করেন এবং বিভিন্ন কার্যক্রম ও সূচকসমূহ ব্যাখ্যা করেন।

৩। সভায় বিবিধ আলোচনায় ২০২১-২২ অর্থ-বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা স্ব-মূল্যায়িত প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে দাখিলের বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।

৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক) অনুষ্ঠিত ফিডব্যাক সভার সুপারিশসমূহ অর্ন্তভুক্ত করে এবং মাঠ পর্যায়ের মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা ২০২১-২২ যথাযথ অনুসরণপূর্বক প্রধান কার্যালয়ের কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২' সংশোধনপূর্বক চূড়ান্ত করতে হবে।

খ) স্ব স্ব নৈতিকতা কমিটির অনুমোদন গ্রহণ পূর্বক “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২” চূড়ান্ত করে ২৫ জুন, ২০২১ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

গ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কাঠামোর ১.৫ নং ক্রমিকে লক্ষ্যমাত্রা উল্লেখের পাশাপাশি কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কর্মসূচি কাঠামোর সাথে সংযুক্তি আকারে দিতে হবে।

ঘ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কাঠামোর ৩ নং ক্রমিকের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমসমূহ প্রধান কার্যালয়ের কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে এবং ফিডব্যাক সভার নির্দেশনা মোতাবেক নির্ধারণ করতে হবে।

৫। পরিশেষে সভাপতি কর্তৃক ফিডব্যাক সভার সুপারিশের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২” চূড়ান্তকরণে সকলের আন্তরিকতা কামনা করে। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নাসির উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক(অতিরিক্ত সচিব)

তারিখ: ১০ আষাঢ় ১৪২৮

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৪.৬.০০৬.১৭.১৩১

২৪ জুন ২০২১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

১) জনাব শাকিলা জেরিন আহমেদ, যুগ্ম সচিব, সমন্বয় ও আদালত, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)

২) উপ-মহাপরিদর্শক,

ঢাকা/নারায়নগঞ্জ/গাজীপুর/টাঙ্গাইল/মুন্সিগঞ্জ/ফরিদপুর/কিশোরগঞ্জ/নরসিংদী/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/বগুড়া/চট্টগ্রাম/কুমিল্লা/কুষ্টিয়া/যশোর/খুলনা/সিলেট/মৌলভীবাজার/দিনাজপুর/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

৩) জনাব সিকদার মোহাম্মাদ তৌহিদুল হাসান, সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪) জনাব অনিরুদ্ধ মহালদার, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), প্রশাসন ও উন্নয়ন শাখা ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়

৫) জনাব মোঃ সাক্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সোঃ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

৬) অফিস কপি



মোঃ মেহেদী হাসান

উপ মহাপরিদর্শক (স্বাস্থ্য শাখা) ও শুদ্ধাচার

ফোকাল পয়েন্ট কর্মকর্তা